

আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।



নং - ০৩.০২.০০০০.৭০১.১৪.২৬২.২০(অংশ ১)- ৫৪৯

তারিখ ০৬ চৈত্র ১৪২৭
২২ মার্চ ২০২১খ্রি.

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
প্রধানমন্ত্রীর কার্যালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ মুজিববর্ষ উপলক্ষে ২০২০-২০২১ অর্থবছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন “ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ ‘ক’ শ্রেণির পরিবারের জন্য গৃহ (দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা) নির্মাণ” কাজ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে একক গৃহ নির্মাণ, অতিরিক্ত পরিবহন ও জ্বালানী ব্যয় বাবদ অর্থ বরাদ্দ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, “ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ ‘ক’ শ্রেণির পরিবার প্রতি ২ শতাংশ খাসজমি বন্দোবস্ত প্রদানপূর্বক গৃহ (দুই কক্ষবিশিষ্ট সেমি পাকা) নির্মাণ” কাজ বাস্তবায়নের নিমিত্ত “আবাসিক ভবন নির্মাণ” খাতের আওতায় মোট ৮৬ টি সেমি পাকা গৃহ নির্মাণ, অতিরিক্ত পরিবহন ও জ্বালানী ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে নিম্নরূপভাবে ১,৬৯,৬৭,০০০.০০ (এক কোটি ঊনসত্তর লক্ষ সাতষট্টি হাজার) টাকা বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি -

বিভাগঃ সিলেট

ক্রঃ নং	জেলা	উপজেলা	বরাদ্দকৃত ঘরের সংখ্যা	বরাদ্দকৃত টাকার পরিমাণ (দুই কক্ষ বিশিষ্ট একটি সেমি পাকা ঘরের নির্মাণ ব্যয় ১,৯০,০০০.০০ (এক লক্ষ নব্বই হাজার) টাকা। ০৮/০২/২০২১খ্রিঃ তারিখের আংশিক সংশোধিত ডিজাইন ও প্রাক্কলন অনুসরণ করতে হবে	অতিরিক্ত পরিবহন বরাদ্দ পার্বত্য অঞ্চল/হাওর/ চরাঞ্চল এলাকায় গৃহ প্রতি ৭,০০০.০০ (সাত হাজার) টাকা ও সমতল এলাকায় গৃহ প্রতি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা	জ্বালানী খরচ (থোক বরাদ্দ)	মোট ব্যয়
১	সুনামগঞ্জ	তাহিরপুর	৬৬	১২৫৪০০০০.০০	৪৬২০০০.০০	১৫০০০.০০	১৩০১৭০০০.০০
২		দোয়ারাবাজার	২০	৩৮০০০০০.০০	১৪০০০০.০০	১০০০০.০০	৩৯৫০০০০.০০
মোট			৮৬	১৬৩৪০০০০.০০	৬০২০০০.০০	২৫০০০.০০	১৬৯৬৭০০০.০০


কথায়ঃ এক কোটি ঊনসত্তর লক্ষ সাতষট্টি হাজার টাকা মাত্র।

- ২। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।
- ৩। উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত পিআইসি কমিটির সদস্যগণ গৃহ নির্মাণের সময় প্রতিটি ঘরের নির্মাণ কাজ সার্বক্ষণিকভাবে তদারকি (Monitoring) করবেন এবং ঘরের নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করবেন।
- ৪। “মুজিববর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা-২০২০” অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন করতে হবে। তবে ০৮/০২/২০২১খ্রিঃ তারিখের আংশিক সংশোধিত ডিজাইন ও প্রাক্কলন অনুসরণ করতে হবে। শুধুমাত্র ‘ক’ শ্রেণির অর্থাৎ ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন করা হবে।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার কাজ শুরু করার পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির সচিত্র প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে ashrayanpmo@gmail.com এই ই-মেইলে প্রেরণ করবেন।
- ৬। এই ব্যয় ৪১১১ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৪১১১১০১-“আবাসিক ভবন নির্মাণ” উপ-খাতের ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

- ৭। এই ব্যয় ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৪১১১১০১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।
- ০৮। কাজ সম্পাদনের পর কোন অর্থ উদ্ধৃত থাকলে তা ৩০শে জুন, ২০২১ এর পূর্বে চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ নং কোডে সরকারি কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ০৯। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪ খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।
- ১০। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত “emboss” সীল দেখে এবং প্রকল্প পরিচালকের সাথে টেলিফোনে আলাপ করে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।
- ১০। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।

নির্মিতব্য দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা গৃহের ০৮/০২/২০২১খ্রি. তারিখের আংশিক সংশোধিত নকশা ও প্রাক্কলন এবং এ সংক্রান্ত নীতিমালা ও অনুসরণীয় বিষয়াবলী আশ্রয়ণ-২ প্রকল্পের ওয়েবসাইট www.ashrayanpmo.gov.bd ▶ download থেকে সংগ্রহ করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে কোন অস্পষ্টতা থাকলে সরাসরি নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে। উল্লেখ্য, প্রতিটি সেমি পাকা ঘরের নির্মাণ মূল্য ১,৯০,০০০.০০ (এক লক্ষ নব্বই হাজার) টাকা। এক্ষেত্রে অনুচ্ছেদ ০৯ মোতাবেক মূসক ও আয়কর কর্তনের প্রয়োজন নেই।

আপনার বিশ্বস্ত



মোঃ মাহবুব হোসেন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)



ফোন : ৪৮১১২৬১৮

মোবাইল : ০১৭১১৫৬৪৬৬৬

ইমেইল : ashrayanpmo@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
- ৩। জেলা হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, সুনামগঞ্জ
- ৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, -----।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, -----।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), -----।
- ৭। উপজেলা প্রকৌশলী, -----।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----।
- ৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, -----।
- ১০। প্রকল্প নথি/অফিস কপি।